যুগান্তর

২৬/৭/২০০০
তারিখ ...........
পৃষ্ঠা ৭ কলাম ৬

# হাটহাজারীতে পুলিশ-শিবির দুই শতাধিক রাউন্ড গুলিবিনিময়

চট্টগ্রাম ব্যুরো

গত শনিবার মধ্যরাতে চট্টগ্রাম বিশ্ববিদ্যালয় ক্যাম্পাস এবং হলগুলো দখলের প্রস্তুতিকালে জেলার হাটহাজারী উপজেলার মন্দাকিনীতে জামায়াত-শিবিরের সশস্ত্র ক্যাডারদের সঙ্গে পুলিশের বন্দুকযুদ্ধ সংঘটিত হয়েছে। চার ঘণ্টা স্থায়ী এ বন্দুকযুদ্ধ চলাকালে উভয়পক্ষের মধ্যে দুই শতাধিক রাউন্ড গুলি বিনিময় হয়। এ সময় পুলিশ একে-৪৭ রাইফেলের ১৬ রাউন্ড গুলিভর্তি একটি ম্যাগাজিনসহ দুই ক্যাডারকে গ্রেফতার করেছে। গ্রেফতারকৃতরা হচ্ছে মোঃ আইয়ুব (২৪) ও নাজিম উদ্দিন (২৬)।

জেলা পুলিশ জানায়, দুর্গম পাহাড়ি এলাকা মন্দাকিনীতে দুর্ধর্ষ শিবির ক্যাডার হুমায়ুন, ইয়াকুব এবং এইট মার্ডার মামলায় অভিযুক্ত দুর্ধর্ষ ক্যাডাররা রাত ১২-১০ মিনিটে একটি বৈঠকে বসে। বৈঠক থেকে তারা গভীর রাতে চট্টগ্রাম বিশ্ববিদ্যালয় ক্যাম্পাস ও হলগুলো দখলের প্রস্তুতি গ্রহণ করছিল। এই খবর পাওয়ার পর পুলিশ সুপার একে শহিদুল হক, অতিরিক্ত পুলিশ সুপার (উত্তর) আবদুল্লাহ আল মাহমুদ, অতিরিক্ত পুলিশ সুপার (দক্ষিণ), বনজ কুমার মজুমদারের নেতৃত্বে ১০ প্লাটুন পুলিশ পুরো মান্দাকিনী গ্রাম ঘিরে ফেলে। রাত আড়াইটায় এ অভিযান শুরু করলে জামায়াত-শিবির ক্যাডাররা পুলিশের উপস্থিতি টের পেয়ে ব্যাপক গোলাবর্ষণ শুরু করে। পুলিশও এ সময় পাল্টা গুলিবর্ষণ করে। চার ঘণ্টা ধরে বন্দুকযুদ্ধ চলার পর, ভোরে সশস্ত্র ক্যাডাররা পাহাড় টপকিয়ে অন্যত্র পালিয়ে যায়। পুলিশ ঘটনাস্থল থেকে কয়েক রাউন্ড গুলি উদ্ধার করে। রাতের ওই ব্যর্থ অভিযানের পর পুলিশ সকাল ৮টা থেকে ১০টা পর্যন্ত সাইরেন বাজিয়ে ক্যাম্পাসে সশস্ত্র মহড়া দেয়।